যে মৃত্যু সীমাহীন গৌরবের

একুশ ডেস্কঃ

কালের যাত্রার ধ্বনিতে সভ্যতার ক্রমবিকাশে মানুষ চিহ্নিত হতে থাকলো নিজস্ব ভাষা, কৃষ্টিতে, বিভিন্ন ভৌগলিক সীমারেখায় স্বাধীন সার্বভৌম জাতি হিসেবে এই পৃথিবী নামক গ্রহটিতে। আবার মানুষ তার বিচিত্র জীবনবোধে ভোগের সাম্রাজ্যে আগ্রাসনের তেজী ঘোড়া দাবড়িয়ে নির্যাতন করেছে অন্য দেশ, অন্য জাতিকে। দেশ দখল করে নেওয়ার বাসনায় সংঘটিত সশস্ত্র সংগ্রাম ও যুদ্ধে নিয়োজিত হয়েছে। নিজ দেশকে বাঁচাতে জীবন উৎসর্গ করেছে অগণিত মানুষ। ইতিহাস তার সাক্ষী। দেশকে বাঁচাতে যাদের মৃত্যু হলো তাদের মৃত্যু সীমাহীন গৌরবের। তারা শতাব্দীর পর শতাব্দী বেঁচে থাকেন ইতিহাসে এবং মানুষের অন্তরে।

গত শতাব্দীতে এমন মৃত্যুর গৌরব গাঁথা রচিত হয়েছিল দক্ষিণ এশিয়ার ভূখন্ডে, যার নাম বাংলাদেশ। আহা ! বাংলাদেশ। যার নিসর্গে রয়েছে সবুজাভ সবুজের অমলিন ঘ্রাণ। দোয়েল শীসে যে দেশের মানুষের ঘুম ভেঙে যায় প্রতি দিন সূর্য সকালে।

বাংলার ইতিহাস বর্ণাঢ্য। হাজার বছরের অধিক সময় বাংলা ভাষার ঐতিহ্য নিয়ে সবুজে সবুজ দেশটি সমৃদ্ধ হয়েছে সরল জীবনবোধের মানুষ নিয়ে। সময়ের বিভিন্ন ক্রান্তিলগ্নে আক্রমণ আর নির্যাতন এসেছে। শান্তি-প্রিয় বাংলার মানুষ রুখে দাঁড়িয়েছে। ১৯৪৮ সালে বাংলাদেশ যখন পূর্ব পাকিস্তান তখন ভাষার বিরুদ্ধে ষড়যন্ত্র নস্যাৎ করে দিয়ে বলেছিলো, ''রাষ্ট্র ভাষা বাংলা চাই, বাঁচার মতো বাঁচতে চাই''। ১৯৫২ সালে ভাষা আন্দোলনে শহীদ হলেন সালাম, জব্বার, বরকত, রফিক ও আরো বেশ কিছু মহৎ প্রাণ। তারপর ঊনসত্তরের গণঅভ্যুত্থান এবং শেষে একাত্তরের মুক্তিযুদ্ধ। মানব সভ্যতার ইতিহাসে একটি ভাষার জন্য যুদ্ধ করে স্বাধীন হওয়া বাংলাদেশ একটি মাত্র উজ্জ্বল নাম, একটি গৌরবদীপ্ত অহংকারের নাম। আর এই মুক্তিযুদ্ধে শহীদ হয়েছেন জানা অজানা অগণিত সাহসী মুক্তিযোদ্ধা। দেশের এই মহান সন্তানদের শৌর্যবীর্যের কাহিনী আর আত্ম-উৎসর্গের ঘটনা অনেকের অজানা এবং নতুন প্রজন্মের কাছেও তেমনভাবে পৌঁছায়নি।

কবি হাসান হাফিজুর রহমান তার মৃত্যুর পূর্ব পর্যন্ত ১৮ ভলিউম ''মুক্তিযুদ্ধের দলিল পত্র'' রচনা করেছিলেন। অথচ জাতীয়ভাবে তার পৃষ্ঠপোষকতা হয়নি। তারপর মেজর (অবঃ) রফিকের ''বিজয় দেখেছি'' এবং আরো কিছু খন্ডিত বই, পুস্তক প্রকাশিত হয়েছে। এটা হলো আমাদের সরকারী হীনমন্যতা। জীবিত মুক্তিযোদ্ধারা সঠিকভাবে পুনর্বাসিত হয়নি। পুনর্বাসিত হয়েছে স্বাধীনতা বিরোধী শক্তি। দেশে, প্রবাসে আমরা আহত হয়েছি। পক্ষান্তরে বিস্মৃতির অতলে হারিয়ে যেতে বসেছে আমাদের মুক্তিযুদ্ধের বীরগাঁথা। আমাদের চেনা অনেক পরিবার রয়েছে। তেমনি একটি পরিবার আমার শৈশবের বন্ধু মাসুদের। আমেরিকার লস এঞ্জেলেস শহরে থাকে। নিভৃত মানুষ মাসুদ এবং তার আরো তিন বোন। এই কিছুদিন আগে হঠাৎ আমাদেরকে একটি বাংলাদেশ গেজেট নোটিফিকেশনের কপি দেখালো। এই নোটিফিকেশনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং মুবিম/প্রঃ৩/মুক্তিযোদ্ধা/গেজেট/২০০৩/৪৭৯ - যাতে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের তালিকা গেজেটে প্রকাশ করেছে।

মাসুদ তার চোখের গভীরে অনেক অশ্রুকণা জমা রেখে বলে গেলো, স্বাধীনতার জন্যে তাদের পরিবার যে সীমাহীন কষ্ট করেছে এবং তার চার সহোদর ও এক ফুফাতো ভাই শহীদ হয়েছে তা তুলনাহীন। শহীদ ভাইদের সমাহিত করার সময় মাসুদ ও তার বাবার চোখে অনেক অশ্রু ছিলো, যেমন তার বুকের গভীরে ছিল পরম প্রিয়জনের আত্মত্যাগের স্ফীত অহংকার। বড় ভাই মুক্তিযোদ্ধা মিলন বাংলাদেশেই আছেন। মাসুদ লস এঞ্জেলেসের সটো এঞ্জিনিয়ারিং ও কার ডিলারের মালিক। তার তিন বোনও ক্যালিফোর্ণিয়ায় বসবাস করেন। মুক্তিযুদ্ধ বিষয়ক কোন সভা হলেই নিভৃত পরোপকারী মাসুদ ছুটে যান এবং শব্দহীন মনোযোগে সবার বক্তব্য শোনেন। বাংলাদেশের যে কোন ক্রাইসিসে তার দানের হাতটি থাকে প্রসারিত।

একটি পরিবারের কাহিনী

রাজধানীর ফার্মগেট এলাকার সন্নিকটে ৪৫/এফ, পশ্চিম তেজতুরি বাজারের একটি বাড়ি। এই বাড়ির মালিক কৃষি মন্ত্রণালয়ের ভূতপূর্ব কর্মকর্তা মরহুম আবদুল হালিম। মরহুম আবদুল হালিমের ছয় সন্তান ড়ড়- মাখন, মিলন, রতন, খোকন, লাকী ও শাহার। স্বাধীনতার পর মারা গেছেন জনাব আবদুল হালিম। পিতা আবদুল হালিমের মৃত্যুর আগে '৭১ সালে তার চার সন্তান মাখন, রতন, লাকী ও শাহারকে পাকিস্তানী বর্বর বাহিনী হত্যা করেছে। চার ভাই হারানোর দুঃসহ যন্ত্রণা নিয়ে বেঁচে আছেন মিলন ও খোকন।

দেশমাতৃকাকে শত্রুমুক্ত করতে ১৯৭১ সালে আবদুল হালিম তার ছয় সন্তানকে মুক্তিযুদ্ধে পাঠিয়েছিলেন। এদের মধ্যে চার সন্তানই দেশের জন্য মৃত্যুকে বরণ করেন। আমাদের স্বাধীনতার জন্য অসংখ্য মুক্তিযোদ্ধা তাদের জীবন বিসর্জন দিয়েছেন। অনেক পিতা ও সন্তান শহীদ হয়েছেন। কিন্তু একই পরিবারের ছয় সন্তানের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ এবং চার ভাইয়ের শহীদ হওয়ার মতো ঘটনা খুবই কম নজরে পড়ে।

মরহুম আবদুল হালিমের প্রথম সন্তান শহীদ বখতিয়ার হাসান মাখন '৭১ সালে তৎকালীন স্টেট ব্যাংকের অফিসার ছিলেন। তার ছোট ভাই গাজী এখতিয়ার হাসান মিলন তৎকালীন তেজগাঁও থানা আওয়ামী লীগের সহসভাপতি হিসেবে রাজনীতিতে সক্রিয় ছিলেন। মিলনের ছোট শহীদ কামরুল হাসান রতন ইংরেজীতে অনার্স পাশ করার পর সরকারি চাকুরী পেয়েছিলেন। চাকুরির এক বছর না যেতেই তিনি মুক্তিযুদ্ধে অংশ নেন এবং শহীদ হন। মরহুম আবদুল হালিমের জীবিত অপর সন্তান গাজী ফখরুল হাসান খোকন একজন প্রকৌশলী। তার ছোট রকিবুল হাসান লাকী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গণিতে ডিগ্রী পাস করেছিলেন। এ পরিবারের কনিষ্ঠ সন্তান শহীদ ইকবাল হাসান স্বাধীনতার যুদ্ধের আগে ব্যবসা করতেন।

১৯৭১ সালের ২৫ মার্চ থেকে পাকিস্তানী বর্বর বাহিনী যখন নিরীহ বাঙালিদের নির্বিচারে হত্যা শুরু করে তখন আবদুল হালিম তার ছেলেদের বলেন, পাকবাহিনী যেভাবে হত্যাযজ্ঞ শুরু করেছে, তা সহ্য করা যায় না। বর্বর পাকিস্তানীদের বিরুদ্ধে প্রতিবাদ নয়, প্রতিশোধ নিতে তিনি তার সন্তানদের নির্দেশ দেন। আবদুল হালিম তার সন্তানদের বলেছিলেন, আমি গাজী বা শহীদের পিতা হতে চাই। পিতার অবাধ্য হয়নি কোন সন্তান। এপ্রিলের প্রথম সপ্তাহে ছয় ভাই এক সঙ্গে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে তাদের গ্রামের বাড়ি চলে যান। সেখান থেকে ভারতে প্রবেশ করেন। ভারতে প্রবেশের আগে ছোট পাঁচ ভাই তাদের বড় ভাই বখতিয়ার হাসান মাখনকে পরিবার দেখাশোনার জন্যে ঢাকায় পাঠিয়ে দেন। ঢাকায় ফিরে এসে বখতিয়ার হাসান মাখন স্টেট ব্যাংকে পূর্ব পদে যোগদান করেন। মুক্তিযুদ্ধের সময় শহীদ মাখন মুক্তিযোদ্ধাদের টাকা-পয়সা দিয়ে সাহায্য সহযোগিতা করেন। শুধু তাই নয়, মাখন পাকিস্তানীদের গোপন খবর মুক্তাঞ্চলে মুক্তিযোদ্ধাদের জানিয়েও দিতেন। স্টেট ব্যাংক কর্মকর্তা এই মাখনই মুক্তিযুদ্ধের সময় স্টেট ব্যাংক অপারেশন করেছিলেন। তিনি মুক্তিযোদ্ধাদের কাছ থেকে বিস্ফোরক দ্রব্য নিয়ে ব্যাংকের সাত তলায় বিস্ফোরণ ঘটিয়েছিলেন। কিন্তু এখবর বেশি দিন গোপন থাকেনি। একদিন পাকিস্তানী সৈন্যদের হাতে তিনি ধরা পড়ে যান। এজন্য প্রচন্ড নির্যাতন ভোগ করতে হয়েছিলো তাকে। পাকসেনাদের নির্মম অত্যাচারে তার দুই কানের পর্দা ফেটে গিয়েছিল। পরে ব্যাংক কর্মচারীদের অনুরোধে বখতিয়ার হাসান মাখন সে যাত্রা প্রাণে বেঁচে গিয়েছিলেন। পরে ১৪ ডিসেম্বর আবারও পাকবাহিনী তাকে ধরে নিয়ে যায়। ক্যান্টনমেন্টের এক বধ্যভূমিতে তাকে হত্যা করা হয়।

শহীদ কামরুল হাসান রতন ছিলেন ভাইদের মধ্যে তৃতীয়। গোয়েন্দা মুক্তিযোদ্ধা হিসেবে শহীদ রতন পাকসেনাদের গতিবিধি ও অস্ত্র সমরের গোপন আস্তানাসমূহের নকশা মুজিবনগর হেড কোয়ার্টারে পাঠিয়ে দিতেন। একদিন কামরুল হাসান প্রেরিত গোপন সংবাদ সংকেত পাক আর্মির গোয়েন্দা সংস্থার হাতে ধরা পড়ে। এরপর থেকে তার গতিবিধির উপর পাকসেনারা তীক্ষ্ণ নজর রাখে। ১০ ডিসেম্বর ওঁৎ পেতে থেকে পরদিন ১৪ ডিসেম্বর পশ্চিম তেজতুরি বাজারের বাসায় হানা দেয় পাকসেনারা। ওই বাসাতেই রতনসহ তার এক ভাই এবং সহযোদ্ধা আতাউর রহমান নেহালকে হত্যা করা হয়।

শহীদ রকিবুল হাসান লাকী ভারতের দেরাদুনে ট্রেনিং শেষে ঢাকায় আসেন। মোস্তফা মহসীন মন্টুর নেতৃত্বাধীন গ্রুপের ১০০ সাহসী যোদ্ধার অন্যতম লাকী বিভিন্ন অপারেশনে অংশগ্রহণ করেন। '৭১ এর ১৭ অক্টোবর ফার্মগেটে সংঘটিত অপারেশনে দুঃসাহসী ভূমিকা রাখেন লাকী। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র তার সাক্ষাৎকারও প্রচার করেছিল। যুদ্ধের শেষ পর্যায়ে বড় ভাই কামরুল হাসান রতন তাকে ১৩ ডিসেম্বর বাসায় দেখা করতে বলেছিলেন। ভাইয়ের সংবাদ পেয়ে বাসায় ফেরার পরদিন পাকসেনারা লাকী ও মাখনকে ক্যান্টনমেন্টে ধরে নিয়ে যায়। ক্যান্টনমেন্টের বধ্যভূমিতে তাকেও হত্যা করা হয়।

আবদুল হালিমের ছোট ছেলে ইকবাল হাসান শাহার ভারতের মেঘালয়ে ট্রেনিং শেষে ঢাকায় ফিরে এসে বিভিন্ন অপারেশন করেন। শহীদ মানিক গ্রুপের বীরযোদ্ধা শাহারকে সবাই ফাইটার শাহার হিসেবে চিনতেন। সিদ্ধিরগঞ্জ পাওয়ার স্টেশন অপারেশন, ভুলতা অপারেশনের পর ঢাকার দক্ষিণাঞ্চলে শহীদ শাহার পাকিস্তানী সৈন্যদের ভীতির কারণ হয়ে দাঁড়িয়েছিলেন। অসীম সাহসী মুক্তিযোদ্ধা শাহারকেও জীবন দিতে হয় অকাতরে। পাকবাহিনীর হাতে তিনিও নিহত হন।

পশ্চিম তেজতুরি বাজারের ৪৫/এফ নম্বর বাড়ির প্রবেশ পথের বাম পাশে সমাহিত করা হয়েছে তিন শহীদ মুক্তিযোদ্ধাকে। দুই ভাই শহীদ কামরুল হাসান রতন, শহীদ ইকবাল হাসান শাহার ও আতাউর রহমান নেহাল সেখানে চিরনিদ্রায় শায়িত রয়েছেন। বাকি দুই শহিদ ভাই বখতিয়ার হাসান মাখন ও রকিবুল হাসান লাকীর লাশ খুঁজে পায়নি পরিবারের।

We speak Bengali! Asian Pacific Health Care Venture, Inc.
WOMEN'S Health Care Services by a female clinician
* Prenatal Care * Family Planning
1530 Hillhurst Avenue Los Angeles, CA 90027 www.aphcv.org

Notary Public-Mailbox Rental-Fax/copy-UPS-FEDEX-DHL-USPS - Moving Boxes & Supplies
EXPRESS PACK & SHIP Postal & Business Center
নোটারী, পোষ্টাল সার্ভিস, ওয়েষ্টার্ন ইউনিয়ন, মেইল বক্স রেন্টাল- সর্ব প্রকার ইউটিলিটি পেমেন্ট- মাহমুদ রেজা
For Notary & Shipping $2 Discount
7657 Winnetka Ave. Conoga Park, CA 91306
M F 9-6 / Sat. 9-4
Phone: (818) 700 0800 Fax: (818) 700 0999
expresspackandship@sbcglobal.net

একুশ পড়ুন - একুশে বিজ্ঞাপন দিন - একুশ পত্রিকায় লিখুন
Advertise with us - Ekush:818-941-3876

তপন দেবনাথ-এর প্রকাশিত গ্রন্থসমূহ
১) দি সিটিজেন (উপন্যাস) ২০০০
২) নীল আকাশের নীচে (উপন্যাস) ২০০১
৩) নিঃশব্দ রক্তক্ষরণ (উপন্যাস) ২০০৭
৪) অচেনা (ছোট গল্প) ২০০৭
প্রকাশিতব্য গ্রন্থসমূহ
১) পলাতকের জবানবন্দি (উপন্যাস)
২) গল্পের খোঁজে (ছোটগল্প)
৩) একই বৃত্তে এপার-ওপার (ছোটগল্প)
৪) অপরাজিত (ছোটগল্প)
৫) স্বপ্ন ভাসে তেপান্তরের মাঠে (কবিতা)

পড়শী PORSHI
সিলিকন ভ্যালী থেকে প্রকাশিত নিয়মিত বাংলা মাসিক পত্রিকা
প্রকাশিত হচ্ছে মে ২০০১ থেকে

পড়শী হবার আন্তরিক আমন্ত্রণ আপনাকে
পড়শীতে পাবেন ঃ
■ দেশ ও প্রবাসের সমসাময়িক বিষয় নিয়ে প্রচ্ছদ কাহিনীগুচ্ছ
■ উত্তর আমেরিকার স্বনামধন্য লেখকদের নিয়মিত কলাম
■ প্রযুক্তি নিয়ে বিশেষ বিভাগ 'প্রযুক্তিবন্ধন'
■ সাহিত্য বিভাগে দেশ ও প্রবাসের গল্প, কবিতা, ধারাবাহিক উপন্যাস
■ কম্যুনিটি প্রতিবেদন নিয়ে 'উত্তর আমেরিকার কর্মকান্ড'
■ নারী বিষয়ক বিভাগ 'অদ্বিতীয়া'
■ দ্বিতীয় প্রজন্মের জন্য Kids Corner / Torun-Toruni
■ অন্যান্য নিয়মিত বিভাগ (অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, ক্রীড়া, ইত্যিউতিএবং, স্বাস্থ্য)
পড়শীর সঙ্গে যোগাযোগ ঃ
web : www.porshi.com
email : editors@porshi.com
fax : 707-988-0328
mail : Jogajog International, PO Box 3148, Fremont, CA 94539, USA
পড়শী পড়ুন, পড়শীতে লিখুন, পড়শীতে আপনার পণ্যের বিজ্ঞাপন দিন

PACIFIC WHOLESALE FINANCIAL CORP.
PACIFIC REALTY SERVICE, INC.
Solution to navigate past challenges
Nationwide licensed, bonded & insured broker and lender
আপনার বাড়ী ও ব্যবসা কেনা, বিক্রি, Finance, Refinance & Cashout করতে আপনি কি আগ্রহী?
১৭ বছরের অভিজ্ঞ এবং নির্ভরযোগ্য ব্রোকার ও লেন্ডার আশরাফ আহ্‌মেদ (মিলন) এর সঙ্গে সত্বর যোগাযোগ করুন।
SPECIALIZED
★ Residential - Finance, Refinance & Cashout
★ Business Financing - SBA, কমার্শিয়াল, বিজনেস লোন ও লিজিং
★ Type of business - Retail, Hotel-Motel, Car Wash, Gas Station, এপার্টমেন্ট, কমার্শিয়াল রিয়েল এস্টেট (CRE)
প্রফেশনাল, অভিজ্ঞতা সম্পন্ন এবং detail oriented
621 Hampshire Rd. #322
Westlake Village, CA 91361
E-mail: bestrealtorusa@gmail.com
Phone: 310-956-8726
Fax: 805-494-7801

আশরাফ আহ্‌মেদ (মিলন)
Broker & President
Wells Fargo & Bank of America'র প্রাক্তন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
www.pacificfinancialcorp.net

SOTO AUTO SALE
লস এঞ্জেলেসের বাঙ্গালী মালিকাধীন
WE DO SHORT TERM (3 TO 12 MONTH) IN HOUSE FINANCE
QUALITY USED CAR
QUALITY USED CAR

নতুন ব্যবস্থাপনায় আপনার প্রিয়
স্বদেশ ফুড ও গ্রোসারী

4153 West 3rd Street, LA, CA 90020
▷213-386-7799

একুশ পড়ুন
একুশে বিজ্ঞাপন দিন
একুশ পত্রিকায় লিখুন
818 941 3876

Network: ATN BANGLA
Channel Name: ATN
Category: INTERNATIONAL
Description: ATN Bangla is a 24 hour-a-day Bangla-language news and entertainment channel. ATN Bangla is one of the top rated channels from Bangladesh. ATN Bangla offers a variety of programming including dramas, mini series, musical shows, talk shows, movies, children programs and much more.
Satellite:118.7
Channel:818
dish NETWORK
1-323-877-1465

INLAND EMPIRE MORTGAGE AND REALTY, INC
We can help you to purchase/Sell and Finance/Refinance your HOME, HOTEL, MOTEL, BUSINESS AND COMMERCIAL PROPERTY
We can help you to buy your Dream Home or Business even if you have
*BANKRUPTCY
*FORCLOSURE
*COLLECTION
*TAX LIEN
*NO CREDIT HISTORY
Choose from one of the following popular loan programs
*LOAN WITH 100% FINANCE (ZERO DOWN PAYMENT)
*LOAN WITH STATED INCOME AND STATED ASSET
*LOAN WITH NO INCOME/NO PAYSTUB AND NO ASSET
*LOAN WITH STARTING 1% PAYMENT
*LOAN WITH 50 YRARS AND INTEREST ONLY FOR 10 YEARS
We can find your Dream Home/Business and Customize a Loan to fit your budget and needs.
PLEASE CALL TODAY FOR A NO COST AND NO OBLIGATION QUOTE.
KANDAKAR ALAM
PRESIDENT
INLAND EMPIRE MORTGAGE AND REALTY
DRE License #01524574
Office: (909) 476 7710
Mobile: (909) 732-8800
Fax: (909) 476-7750
Email: Alam@iemrexpress.com
8608 UTICA AVE, SUITE# 206, RANCHO CUCAMONGA, CA 91730
Hiring Loan Officer Now, Call Today at (909) 732-8800